০৫৫

দৈনিক বাংলা

তারিখ ... ২৭।৯।৮৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# ৫ তারিখ থেকে বিভিন্ন জেলার শিক্ষা ওয়ার্কশপ

(স্টাফ রিপোর্টার)

আগামী অক্টোবর মাসের পাঁচ তারিখ থেকে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের উদ্যোগে দেশের বিভিন্ন জেলায় শিক্ষা ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে। এছাড়াও ৯ ও ১০ই অক্টোবর অনুষ্ঠিত হবে বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ। এরপর আবার ঢাকায় কেন্দ্রীয়ভাবে প্রস্তাবিত শিক্ষানীতির উপর জাতীয় বিতর্ক অনুষ্ঠিত হবে।

গতকাল বৃহস্পতিবার জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের অষ্টম অধিবেশনে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ এই কর্মসূচীর কথা ঘোষণা করেন। কিছুদিন বিরতির পর গতকাল থেকে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠক আবার শুরু হয়েছে। জাতীয় সংসদ ভবনের কমিটি রুমে অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন।